উপজেলা পরিষদ

জৈন্তাপুর, সিলেট।

৬ষ্ঠ উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর ২য় সভা (জুলাই/২০২৪ইং) এর কার্যবিবরণী :

সভাপতি : লিয়াকত আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ১১/০৭/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভায় মাননীয় সংসদ সদস্য ২৩২, সিলেট-৪ মহোদয় উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের বার্ষিক বাজেট উপস্থাপন করেন। উক্ত বাজেট পর্যালোচনাক্রমে অনুমোদিত হয়। এরপর অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে,গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গঠন	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন,১৯৯৮ (২৪নং আইন) অনুযায়ী ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করার বিষয়ে গত সভায় আলোচনা করা হয়। উক্ত আলোচনা শেষে এই সভায় ১৭টি স্থায়ী কমিটি গঠনের ও অনুমোদেনের সিদ্ধান্ত হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে, 'পরিশিষ্ঠ-গ' তে উল্লেখিত উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠিত হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট। (গ) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট। (ঘ) সংশ্লিষ্ঠ সকল।
০৪	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অনার বোর্ড স্থাপন,উপজেলা নির্বাহী অফিসারের	ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অনার বোর্ড স্থাপন, উপজেলা	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

		অনার বোর্ড স্থাপন ও রুমের সামনের নেম প্লেট স্থাপন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমের সামনে নেইম প্লেইট স্থাপনের বিল, উপজেলা পরিষদের ০১টি ল্যাপটপ ক্রয়ের বিল, উপজেলা পরিষদের জীপ গাড়ির ০৫(পাঁচ) মাসের জ্বালানী বিল, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন ভাতা বিল, এবং নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন রাজস্ব ব্যয়ের বিল বিধি মোতাবেক পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।	পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমের সামনে নেইম প্লেইট স্থাপনের বিল উপজেলা রাজস্ব তহবিলের 'বাসাবাড়ি মেরামত' খাত হতে, উপজেলা পরিষদের ০১টি ল্যাপটপ ক্রয়ের বিল 'অফিস সরঞ্জামাদি ক্রয়' খাত হতে, উপজেলা পরিষদের জীপ গাড়ির ০৫(পাঁচ) মাসের জ্বালানী বিল, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন ভাতা বিল এবং নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন রাজস্ব ব্যয়ের বিল বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, ২৫০' দুরত্বে রিংওয়েল থেকে সাবমার্সিবল পাম্পের মাধ্যমে স্ট্রাকচারে স্থাপিত ট্যাংকে পানি সরবরাহ ও পানির লাইন মেরামত এবং অন্যান্য পানির লাইন মেরামত বাবদ ৩,৩৫,০০০/- (তিন লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা বিল হয়েছে। সভায় বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	খ) আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের 'পানির লাইন মেরামত' খাত হতে উল্লেখিত বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত করা হয়েছে। উক্ত মেরামতের বিল বাবদ ৯৫,৩৮০/- (পচাঁনব্বই হাজার তিনশত আশি) টাকার বিল হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	গ) আলোচনান্তে উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামতের উল্লেখিত বিল উপজেলা রাজস্ব তহবিলের 'যানবাহন মেরামত' খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
০৫	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে নিম্নোল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়ন করা যেতে পারে। তিনি সভায় নিম্নোল্লেখিত প্রকল্প সমূহের প্রাক্কলন উপস্থাপন করেন। প্রকল্প সমূহ: ১) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত- ৬,০০,০০০/- ২) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও কর্মকর্তা/কর্মচারীদের অফিস কক্ষ মেরামত- ৬,০০,০০০/- ৩) উপজেলা চেয়ারম্যানের কার্যালয় (দ্বিতল ভবন) সংস্কার- ৬,০০,০০০/- ৪) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেরামত ও সংস্কার- ৬,০০,০০০/-	(ক)আলোচনান্তে উল্লেখিত প্রকল্প সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কাগজাদি প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।

		৫) উপজেলা পরিষদের উপমা মার্কেট-৩ বর্ধিতকরণ- ৬,০০,০০০/- উক্ত প্রকল্প সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত প্রকল্প সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।		
		(খ) মাননীয় সংসদ সদস্য বলেন, আকস্মিক বন্যায় জৈন্তাপুর উপজেলার অনেক রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। উক্ত ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট সমূহের তালিকা প্রেরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী'র দৃষ্টি আকর্ষণ করেন।	(খ) আলোচনান্তে আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট সমূহের তালিকা সংশ্লিষ্ঠ দপ্তরে প্রেরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
		(গ) চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি সভাকে জানান যে, বারোগাতি রাস্তা ও শাপলা বিল রাস্তা টেন্ডার হয়েছে প্রায় এক বছরের উপরে কোন কাজ হচ্ছেনা। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।	(গ) আলোচনান্তে বারোগাতি রাস্তা ও শাপলা বিল রাস্তার কাজ দ্রুত শুরু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
০৬	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন, যে সকল ব্রীজের কাজ চলমান ঐ সকল ব্রীজের কাজের অগ্রগতি সভাকে এবং তাঁকে নিয়মিত জানানো প্রয়োজন। কাজের অগ্রগতির বিষয়ে জানানোর জন্য উপজেলা 'প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিভাগীয় সকল কার্যক্রম অব্যাহত রাখা সহ যে সকল ব্রীজের কাজ চলমান ঐ সকল ব্রীজের কাজের অগ্রগতি সভাকে এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়কে জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৭	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, নিজপাট, জৈন্তাপুর এবং চারিকাটা ইউনিয়নে টিউবওয়েলের অনেক বরাদ্দ প্রয়োজন। রিংওয়েলের ক্ষেত্রে শীত মৌসুমে বোরিং করলে ভালো হয়। বর্ষা মৌসুমে রিং ওয়েল বোরিং করা যায়না। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভাকে জানান, যে সকল	আলোচনান্তে নিজপাট, জৈন্তাপুর এবং চারিকাটা ইউনিয়নে টিউবওয়েলের বরাদ্দ বাড়ানোর ব্যাপারে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী ১ সপ্তাহের মধ্যে যে সকল টিউবওয়েলের বিষয়ে অভিযোগ আছে তা সরেজমিন পরিদর্শন করে	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জৈন্তাপুর, সিলেট।

		টিউবওয়েলের বিষয়ে অভিযোগ আছে তা সমাধান করা প্রয়োজন। অভিযোগের বিষয়ে উপসহকারী (জনস্বাস্থ্য) সরেজমিন পরিদর্শন করে সমাধান করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর দৃষ্টি আকর্ষণ করেন।	সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৮	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাকে জানান, বন্যার সময় প্রতি ইউনিয়নে ১টি করে ৬টি মেডিক্যাল টিম ছিলো। বিভিন্ন আশ্রয়কেন্দ্রে বিনামূল্যে ঔষধ সরাবরাহ করা হয়েছে। পানি বেশিদিন স্থায়ী হলে পানিবাহিত রোগের প্রকোপ বাড়ে। পরিমানে কম হলেও সাপের এন্টিভেনম হাসপাতালে আছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিভাগীয় সকল কাযক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৯	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, সমাজসেবা বিভাগের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি সভাকে জানান, বিভিন্ন ভাতা ভোগীকে ব্যাংক এশিয়া, বটেশ্বর গিয়ে ভাতা আনতে হয়।যার ফলে বৃদ্ধ ও প্রতিবন্ধীসহ বেশিরভাগের কষ্ট হয়। ইতোপূর্বে বার বার এ বিষয়ে জানালেও কোন ফলপ্রসু সমাধান হয় নাই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা'র প্রতিনিধি সভাকে জানান, ভাতা বিভিন্ন ইউনিয়নের সময় নির্ধারণ করে এসে দেয়ার বিষয়ে আলোচনা হচ্ছে। আগামীতে ব্যাংক এশিয়া'র কর্মকর্তারা ইউনিয়নে উপস্থিত হয়ে ভাতা প্রদান করবেন বলে আমরা আশা করছি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে ভাতাভোগীদের কষ্ট করে যাতে দূর থেকে ভাতা আনতে না হয় সে জন্য ব্যাংক এশিয়া'র কর্মকর্তারা বিভিন্ন ইউনিয়নে উপস্থিত হয়ে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংক পরিবর্তন করে জৈন্তাপুরে শাখা আছে এমন ব্যাংকে ভাতা কাযক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
১০	বিবিধ	(ক) অদ্য সভার সভাপতি ও চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভাকে জানান যে, উপজেলা পরিষদের ব্যবহৃত পাজেরো জীপ গাড়ির অবস্থা খুবই জরাজীর্ণ। উক্ত জরাজীর্ণ গাড়িটি বার বার মেরামত করেও পুনরায় বিকল হয়ে পড়ে। ফলে সরকারী ও	(ক) আলোচনান্তে উপজেলা পরিষদের ব্যবহৃত পাজেরো জীপ গাড়ির অবস্থা খুবই জরাজীর্ণ এবং সরকারী ও জনস্বার্থে বিভিন্ন কাজে উক্ত গাড়ি দিয়ে চলাচল করা খুবই কষ্টকর হয়ে পড়েছে	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।

		জনস্বার্থে বিভিন্ন কাজে উক্ত গাড়ি দিয়ে চলাচল করা খুবই কষ্টকর হয়ে পড়েছে। তিনি জৈন্তাপুর উপজেলা পরিষদ চেয়ারম্যানের জন্য নতুন গাড়ি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিধায় বিআরটিএ'র প্রতিবেদন করতঃ নতুন গাড়ির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		(খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তার জন্য সন্ধ্যার পর থেকে ভোর পর্যন্ত ডিউটি করার জন্য গেইটে একজন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা যেতে পারে।সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(খ) আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন অফিসের অফিসারদের নিকট হতে টাকা উত্তোলন করে উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তার জন্য গেইটে একজন নিরাপত্তা প্রহরী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০৭.২০২৪
লিয়াকত আলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.২১৬(৪০) তারিখ :১২ / ০৭ / ২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। চেয়রম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
০৮। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৯। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
১০। অফিস কপি।

১১/০৭/২০২৪
উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

পরিশিষ্ট 'ক'

৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় সভা জুলাই/২০২৪ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব সাহাদ উদ্দিন	উপজেলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	জনাব মোছাঃ সুনারা বেগম	উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ তাজুল ইসলাম	অফিসার ইনচার্জ, জৈন্তাপুর মডেল থানা	স্বাক্ষরিত
০৪	জনাব ডাঃ মোঃ সাইফুল ইসলাম	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫	জনাব শামীমা আক্তার	উপজেলা কৃষি কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬	জনাব এ.কে.এম রিয়াজ মাহমুদ	উপজেলা প্রকৌশলী	স্বাক্ষরিত
০৭	জনাব অলিউর রহমান	উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮	জনাব ডাঃ আব্দুল্লাহ আল মাসুদ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ আজিজুল হক খোকন	উপজেলা একাডেমিক সুপারভাইজার	স্বাক্ষরিত
১০	জনাব কে.এম. মোর্শেদ আল মারুফ	সাব-রেজিষ্টার	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ রুহুল আমিন	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্বাক্ষরিত
১২	জনাব মোহাম্মদ হারুনুর রশিদ	সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক	স্বাক্ষরিত
১৩	জনাব রতন চন্দ্র দাস	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
১৪	জনাব মোঃ আহসান হাবীব	এজিএম(এমএস),সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২	স্বাক্ষরিত
১৫	জনাব মোঃ আবেদ হোসেন	উপজেলা শিক্ষা কর্মকর্তা	স্বাক্ষরিত
১৬	জনাব সজল চকলাদার	আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	স্বাক্ষরিত
১৭	জনাব মোঃ আব্দুল খালিক	ফরেষ্ট অফিসার	স্বাক্ষরিত
১৮	জনাব মোঃ বিলাল আহমদ	উপজেলা সমন্বয়কারী AVCB-III প্রকল্প	স্বাক্ষরিত
১৯	জনাব তাসলিমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষরিত
২০	জনাব হেপী রাণী সরকার	উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষিকা	স্বাক্ষরিত
২১	জনাব জনাব মোঃ শাহ আলম	সুপারভাইজার, উপজেলা সমাজসেবা অফিস	স্বাক্ষরিত
২২	জনাব মোঃ আব্দুর রশিদ	মুক্তিযোদ্ধা প্রতিনিধি	স্বাক্ষরিত
২৩	জনাব মোঃ বাহারুল আলম বাহার	চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি	স্বাক্ষরিত
২৪	জনাব মোঃ ইন্তাজ আলী	চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি	স্বাক্ষরিত
২৫	জনাব শ্রী যাদব বিশ্বাস	মুক্তিযোদ্ধা প্রতিনিধি	স্বাক্ষরিত
২৬	জনাব কামরুজ্জামান চৌধুরী	চেয়ারম্যান, ৬নং চিকনাগুল ইউপি	স্বাক্ষরিত
২৭	জনাব রফিক আহমদ	চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি	স্বাক্ষরিত
২৮	জনাব ফখরুল ইসলাম	চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি	স্বাক্ষরিত
২৯	জনাব মোহাম্মদ শরীফ উদ্দিন	উপজেলা সমবায় কর্মকর্তা	স্বাক্ষরিত
৩০	জনাব মোঃ আব্দুস সাত্তার	ভারপ্রাপ্ত কর্মকর্তা, জৈন্তাপুর খাদ্য গুদাম	স্বাক্ষরিত
৩১	জনাব মিজানুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষরিত

পরিশিষ্ট-খ

উপজেলা পরিষদের জুলাই/২০২৪ইং মাসের মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ :

(জেষ্টতার ভিত্তিতে নহে)

১) চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি, জৈন্তাপুর,সিলেট।
২) উপজেলা নির্বাচন অফিসার, জৈন্তাপুর,সিলেট।
৩) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , জৈন্তাপুর,সিলেট।
৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।